# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
বিনংরঃব :ïïï.হসংঃ.মড়া.নফ

**বিষয়: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন টিম এর সভার কার্যবিবরণী**

স্থান : সম্মেলন কক্ষ, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
তারিখ : ২০.০৫.২০১৮ খ্রিঃ
সময় : বেলা ২.০০ ঘটিকা
সভাপতি : কাজী হাসিবুদ্দীন আহমেদ, কিউরেটর (সার্বিক)
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

২০.০৫.২০১৮ তারিখ রবিবার বেলা ২.০০ ঘটিকায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ইনোভেশন টিম-এর এক সভা ইনোভেশন অফিসার কাজী হাসিবুদ্দীন আহমেদ-এর সভাপতিত্বে জাদুঘরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন:

০১) জনাব মাসুদুর রহমান, সহকারী কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
০২) জনাব এস. এম. আবু হান্নান, সহকারী কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
০৩) জনাব সৌমিত্র কুমার বিশ্বাস, সিনিয়র আর্টিস্ট, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ করেন। সদস্য সচিব বিগত ২৬.০৪.২০১৮ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | লাইব্রেরি কার্যক্রম অটোমেশন করার বিষয়ে আলোচনা হয়। সহকারী কিউরেটর জনাব মাসুদুর রহমান জানান যে, লাইব্রেরি অটোমেশনের জন্য একটি প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। | অতিদ্রুত লাইব্রেরি অটোমেশনের কাজ সম্পন্ন করতে হবে। | জনাব মো: কামরুল ইসলাম লাইব্রেরিয়ান কাম ডকুমেন্টশন অফিসার |
| ০২ | জাদুঘরের থিম সং অডিও ফরমেট হতে ভিডিও ফরমেটে কনভার্ট করে ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। জনাব সৌমিত্র কুমার বিশ্বাস সভাকে অবহিত করেন যে, জাদুঘরের থিম সং অডিও ফরমেট হতে ভিডিও ফরমেটে কনর্ভাট করা হয়েছে। | কনর্ভাটেড ভিডিওটি অতিদ্রুত ওয়েবসাইট ও ফেসবুক পেইজে আপলোড করতে হবে। | জনাব সৌমিত্র কুমার বিশ্বাস সিনিয়র আর্টিস্ট<br><br>জনাব এস.এম. আবু হান্নান সহকারী কিউরেটর |
| ০৩ | পূর্বতী সভার সিদ্ধান্ত মোতাবেক শারীরিক প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ টয়লেট স্থাপন করার ব্যাপারে আলোচনা হয়। | শারীরিক প্রতিবন্ধীদের জন্য একটি বিশেষ টয়লেট আগামী ১০/০৬/২০১৮ তারিখের মধ্যে স্থাপন করতে হবে। | জনাব সৈকত সরকার উপপ্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>জনাব মো: আব্দুল মাজেদ উপ সহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | হিসাব শাখায় এক্সেল ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। | জাদুঘরের হিসাব শাখার কাজকে ত্বরানিত করা এবং সুশৃঙ্খলভাবে সংরক্ষণের জন্য এক্সেল-এর ব্যবহার নিশ্চিত করতে হবে। | জনাব মাসুদুর রহমান<br>সহকারী কিউরেটর<br>জনাব মো: আব্দুল আজিজ<br>হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা মোতাবেক ২ টি অনলাইন সেবা চালু করতে হবে। ইতো:মধ্যে ১ টি সেবা চালু হওয়ায় অপর ১টি অন লাইন সেবা দ্রুত চালু করার ব্যাপারে আলোচনা হয়। | ই-টিকেটিং ব্যবস্থা ১৫/০৬/২০১৮ তারিখের মধ্যে চালু করতে হবে। | জনাব মাসুদুর রহমান<br>সহকারী কিউরেটর<br>জনাব এস.এম. আবু হান্নান<br>সহকারী কিউরেটর |
| ০৬ | অফিসের ডাটা সংরক্ষণের জন্য নিজস্ব কোন ডাটাবেস সার্ভার নাই। অফিসের ডাটা সংরক্ষিত হয় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সার্ভারে। নিজস্ব ডাটা সংরক্ষণ এবং ডাটার নিরপত্তার জন্য একটি ডাটাবেস সার্ভার স্থাপন করা প্রয়োজন। | ডাটাবেজ সার্ভার স্থাপনের জন্য অভিজ্ঞ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ পূর্বক প্রাক্কলন প্রস্তুত করে আগামী ১০/০৬/২০১৮ তারিখের মধ্যে উপস্থাপন করতে হবে। | জনাব মাসুদুর রহমান<br>সহকারী কিউরেটর<br>জনাব এস.এম. আবু হান্নান<br>সহকারী কিউরেটর |
| ০৭ | গ্যালারিতে প্রদর্শিত প্রদর্শনীবস্তুগুলিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা না থাকায় দর্শনার্থীদের গ্যালারি পরিদর্শনে বিঘ্ন ঘঠছে। গ্যালারিতে প্রদর্শিত প্রদর্শনীবস্তুসমূহ সঠিকভাবে প্রদর্শনের জন্য পর্যাপ্ত আলোর প্রয়োজন | গ্যালারিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করার জন্য আগামী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে পদক্ষেপ নিতে হবে। | জনাব সৈকত সরকার<br>উপপ্রধান ডিসপ্লে কর্মকর্তা<br>জনাব মো: আব্দুল মাজেদ<br>উপ সহকারী প্রকৌশলী |
| ০৮ | প্রতিটি গ্যালারির প্রবেশ পথে কাট-আউট এর মাধ্যমে একটি ডিসপ্লে বোর্ডে প্রদর্শনীর নামসমূহ ডিসপ্লে করার ব্যাপারে আলোচনা হয়। | প্রতিটি গ্যালারির প্রবেশ পথে কাট-আউট এর মাধ্যমে একটি ডিসপ্লে বোর্ডে প্রদর্শনীর নামসমূহ ডিসপ্লে করার জন্য আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | জনাব মাসুদুর রহমান<br>সহকারী কিউরেটর<br>জনাব সৌমিত্র কুমার বিশ্বাস<br>সিনিয়র আর্টিস্ট |
| ০৯ | ইনোভেশন সার্ভিস ফান্ড গঠনের জন্য ইকোনোমিক কোড এবং বাজেটে বরাদ্দ রাখার বিষয়ে আলোচনা হয়। | ইনোভেশন সার্ভিস ফান্ড গঠনের জন্য সংশোধনী বাজেটে অর্থ বরাদ্দ এবং ফান্ডের জন্য পৃথক ইকনোমিক কোড বরাদ্দের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জনাব মো: আব্দুল আজিজ<br>হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ১০ | জাদুঘরের গ্যালারিতে প্রদর্শিত প্রদর্শনীবস্তু গুলির বর্ননাসহ তালিকা প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | জাদুঘরের গ্যালারিতে প্রদর্শিত প্রদর্শনীবস্তুগুলির বর্ননাসহ তালিকা আগামী ১০ কার্য দিবসের মধ্যে প্রকাশ করতে হবে। | জনাব সুকল্যান বাছাড়<br>কিউরেটর (একাডেমিক)<br>জনাব মোঃ তৌহিদুল হাসান<br>সহকারী কিউরেটর |
| ১১ | অভ্যর্থনা কক্ষে দর্শকদের ব্যাগ রাখার জন্য একটি ব্যাগ সেলফ স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | অভ্যর্থনা কক্ষে দর্শকদের ব্যাগ রাখার জন্য একটি ব্যাগ সেলফ স্থাপন করতে হবে। | জনাব সৌমিত্র কুমার বিশ্বাস<br>সিনিয়র আর্টিস্ট<br>জনাব মো: আব্দুল মাজেদ<br>উপ সহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ১২ | জাদুঘরের ওয়াই-ফাই নেটওয়ার্ক সুরক্ষিত করার বিষয়ে আলোচনা হয়। ইতমধ্যে অনলাইন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা হয়েছে। | অনলাইন সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে জাদুঘরের ওয়াই-ফাই নেটওয়ার্ক সুরক্ষিত করতে হবে। | জনাব এস.এম. আবু হান্নান সহকারী কিউরেটর |
| ১৩ | জীববিজ্ঞান গ্যালারি থেকে গ্যাঞ্জেটিক ডলফিনের প্রদর্শনীটি অপসারণ করা হয়েছে এবং কঙ্কাল পুণরায় প্রদর্শনের প্রক্রিয়া গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | জীববিজ্ঞান গ্যালারি থেকে অপসরিত ডলফিনের কঙ্কাল পুণরায় প্রদর্শনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | জনাব মুমিনুর রশীদ সহকারী কিউরেটর |
| ১৪ | জীব বিজ্ঞান গ্যালারিতে প্রদর্শীত গাছের ফসিলটি আরো আকর্ষণীয়ভাবে প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। ফসিলটির জন্য একটি দৃষ্টিনন্দন শোকেজ তৈরি করে শোকেজে স্থাপন করা প্রয়োজন। | জীববিজ্ঞান গ্যালারিতে প্রদর্শীত গাছের ফসিলটি আরো আকর্ষণীয়ভাবে প্রদর্শন করতে হবে। | জনাব সৈকত সরকার উপপ্রধান ডিসপ্লে কর্মকর্তা<br><br>জনাব মুমিনুর রশীদ সহকারী কিউরেটর |
| ১৫ | বিজ্ঞান সেবী সংস্থা, বিজ্ঞান ক্লাব সংগঠনের সাথে যৌথ উদ্যোগে ১ টি জ্যোতির্বিজ্ঞান বিষয়ক আবাসিক ক্যাম্প আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | বিজ্ঞান সেবী সংস্থা, বিজ্ঞান ক্লাব সংগঠনের সাথে যৌথ উদ্যোগে ১ টি জ্যোতির্বিজ্ঞান বিষয়ক আবাসিক ক্যাম্প আগামী ১৫/০৬/২০১৮ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | জনাব মাসুদুর রহমান সহকারী কিউরেটর<br>জনাব মোঃ আজমত আলী অফিস সুপারিনটেনডেন্ট |
| ১৬ | জাদুঘরের নিয়মিত প্রকাশনা ত্রৈমাসিক পত্রিকা নবীন বিজ্ঞানীর ২ টি সংখ্যা প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | অতিদ্রুত নবীন বিজ্ঞানীর ২ টি সংখ্যা প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে | জনাব মো: কামরুল ইসলাম লাইব্রেরিয়ান কাম ডকুমেন্টশন অফিসার |

আর কোন আলোচনা না থাকায় উপসস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/05/18

(কাজী হাসিবুদ্দীন আহমেদ)
কিউরেটর (সার্বিক)
ও
আহ্বায়ক
ইনোভেশন টিম.

বিতরণ:

০১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
( দৃষ্টি আকর্ষণ: জনাব মো: সাখাওয়াত হোসেন, প্রোগ্রামার)
০২. ইনোভেশন টিমের সদস্য (সকল ), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা।
০৩. কর্মকর্তা (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা ।
(মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)
০৫. অফিস নথি।